

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১১৬৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬০. ইসতিস্কার সালাতে দু' হাত উত্তোলন সম্পর্কে

باب رَفْعِ الْيَدَيْنِ فِي الْإِسْتِسْقَاءِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي خَلْفٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، حَدَّثَنَا مِسْعَرٌ، عَنْ يَزِيدَ الْفَقِيرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَوَاكِي فَقَالَ "اللَّهُمَّ اسْقِنَا غَيْثًا مُغِيثًا مَرِيئًا نَافِعًا غَيْرَ ضَارٍّ عَاجِلًا غَيْرَ آجِلٍ". قَالَ فَأُطْبِقَتْ عَلَيْهِمُ السَّمَاءُ.

— صحيح

বাংলা

১১৬৯। জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে কতিপয় লোক (বৃষ্টি না হওয়ায়) ক্রন্দনরত অবস্থায় এলে তিনি দু'আ করলেনঃ হে আল্লাহ! আমাদেরকে বিলম্বে নয় বরং তাড়াতাড়ি ক্ষতিমুক্ত-কল্যাণময়, তৃপ্তিদায়ক, সজীবতা দানকারী, মুষল ধারায় বৃষ্টি বর্ষণ করো। বর্ণনাকারী বলেন, অতঃপর তাদের উপর আকাশ মেঘাচ্ছন্ন হয়ে যায় (এবং বৃষ্টি হয়)।[1]

সহীহ।

English

Narrated Jabir ibn Abdullah:

The people came to the Prophet (ﷺ) weeping (due to drought). He said (making supplication): O Allah! give us rain which will replenish us, abundant, fertilising and profitable, not injurious, granting it now without delay. He (the narrator) said: Thereupon the sky became overcast.

ফুটনোট

[1] ‘আবদ ইবনু হুসাইদ (১১২৫), ইবনু খুযাইমাহ (১৪১৬) মুহাম্মাদ ইবনু ‘উবাইদ হতে। এর বিশুদ্ধ শাহিদ বর্ণনা রয়েছে ইবনু মাজাহ কা’ব ইবনু মুররাহ ও ইবনু ‘আব্বাস হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58487>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন